

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০০৯.২০/ ৩৯৮৭(২২২৬)

তারিখঃ ২৯/১২/২০২২ খ্রিঃ

বরাবর

উপজেলা কৃষি অফিসার

.....উপজেলা

.....জেলা।

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন সহায়তার (ভর্তুকী) প্রদানের জন্য কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের যন্ত্র ভিত্তিক অগ্রাধিকার তালিকা প্রেরণের এবং বিতরণের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে যন্ত্র ভিত্তিক অগ্রাধিকার তালিকা মোতাবেক কৃষি যন্ত্রপাতি বিতরণ একটি চলমান প্রক্রিয়া। এরই ধারাবাহিকতায় চলতি মৌসুমে কম্বাইন হারভেস্টার (খান, গম ও ভূট্টা), রিপার ও রিপার বাইন্ডার, রাইস্ ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, পাওয়ার উইডার, মেইজ শেলার, সিডার, বেড প্লান্টার, পাওয়ার স্প্রেয়ার, ক্যারোট ওয়াসার, পটেটো ডিগার, ড্রায়ার যন্ত্রের যন্ত্রভিত্তিক অগ্রাধিকার তালিকা ও বিতরণের সময়সীমা ৩১/১২/২০২২খ্রিঃ পর্যন্ত তারিখ নির্ধারিত ছিল।

কৃষি যন্ত্রপাতি বিতরণের সময়সীমা আগামী ৩১/০১/২০২৩খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এ বিষয়ে মহাপরিচালক, ডিএই ও সভাপতি, উন্নয়ন সহায়তা ব্যবস্থাপনা কমিটি মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

(তারিক মাহমুদুল/ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৫৫০২৮৪২৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব, সম্প্রসারণ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫।
- ৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫।
- ৪। অতিরিক্ত পরিচালক, অঞ্চল (সকল)।
- ৫। উপপরিচালক,জেলা (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি.....উপজেলা (সকল)।
- ৭। নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটার.....